

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৭০

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি স্বীয় জামা পরিহিত অবস্থায় ইহরাম বাঁধে, তার প্রতি নির্দেশ হলো তিনি সেটা খুলে ফেলবেন; এটা তার কথার বিপরীত, যে জামা ছিঁড়ে ফেলার নির্দেশ দেয়

ذَكَرُ الْأَمْرِ لِمَنْ أَحْرَمَ فِي قَمِيصِهِ أَنْ يَنْزِعَهُ نَزْعًا ضِدَّ قَوْلٍ مَنْ أَمَرَ بِشِقِّهِ

আরবী

3770 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ حَدَّثَنِي اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رِيَّاحٍ عَنْ صَفْوَانَ بْنِ يَعْلَى عَنْ أَبِيهِ: أَنَّ رَجُلًا جَاءَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ أَحْرَمَ بِعُمَرَةٍ وَعَلَيْهِ جُبَّةٌ وَهُوَ مُتَخَلِّقٌ فَأَمَرَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَنْزِعَهَا نَزْعًا وَيَغْتَسِلَ مَرَّتَيْنِ أَوْ ثَلَاثًا وَقَالَ: (مَا كُنْتَ فَاعِلًا فِي حَجَّتِكَ فَاصْنَعُهُ فِي عَمْرَتِكَ)

الراوي : صَفْوَانَ بْنُ يَعْلَى عَنْ أَبِيهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3770 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1596): ق ، وهو مختصر الذي بعده.

বাংলা

৩৭৭০. সাফওয়ান বিন ইয়া'লা তার বাবা থেকে হাদীস বর্ণনা করেন, তার বাবা ইয়া'লা রাঈয়াল্লাহু আনহু বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন এমন অবস্থায় যে, সে জুব্বা পরিহিত অবস্থায় উমরাহর ইহরাম বেঁধেছেন এবং সুগন্ধি ব্যবহার করেছেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে সেটা খুলে দুই বা তিনবার ধৌত করার নির্দেশ দেন এবং বলেন, “তুমি তোমার হজে যেমন করেছো, উমরাতেও তেমনি করবে।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ১৮২১; সুনান বাইহাকী: ৫/৫৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫৯৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সাফওয়ান ইবনু ই'য়ালা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93107>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন